দৈনিক ইত্তেফাক

তারিখ ··· 27 NOV 1998 ···
পৃষ্ঠা 12 কলাম 4 ······

# কম্পিউটার বিজ্ঞানে দক্ষতা অর্জনে উদ্যোগী হওয়ার আহ্বান

চট্টগ্রাম অফিস ॥ সম্প্রতি ভাইসচ্যান্সেলর প্রফেসর এম এ মান্নান চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগের কম্পিউটার ল্যাব উদ্বোধন করেন। এই সময় তিনি বাঁচার তাগিদে, ছাত্র-ছাত্রীদের প্রযুক্তিগত কলাকৌশল শিক্ষার ব্যাপারে গুরুত্বারোপ করেন। তিনি বলেন, একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবিলায় আমাদের ছাত্র-ছাত্রী-দের সৃজনশীল প্রতিভাকে জাগাইয়া তুলিতে হইবে। তিনি আধুনিক প্রযুক্তির সর্বশেষ উৎকর্ষতার ফসল কম্পিউটার বিজ্ঞানে প্রকৃত দক্ষতা অর্জনের মাধ্যমে নিজেদের ও দেশের আর্থ-সামাজিক উন্নয়নের ক্ষেত্রে অবদান রাখায় উদ্যোগী হওয়ার জন্যে ছাত্র-ছাত্রীদের প্রতি আহ্বান জানান। অনুষ্ঠানে অন্যা-ন্যের মধ্যে বক্তৃতা করেন বাণিজ্য অনুষদের ডীন প্রফেসর মঞ্জুর মোর্শেদ মাহমুদ, ব্যবস্থাপনা বিভাগের প্রতি-ষ্ঠাতা-সভাপতি প্রফেসর এজেএম নুরুদ্দিন চৌধুরী, প্রফেসর মোহাম্মদ ফশিউল আলম, প্রফেসর সিরাজু-দ্দৌলা শাহীন, প্রফেসর শওকতুল মেহের ও নজরুল ইসলাম। সভা-পতিত্ব করেন প্রফেসর ডঃ মোহা-ম্মদ সোলায়মান।